# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- ........................ তারিখঃ ....................

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অধ্যায়নরত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অধ্যায়নরত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অধ্যায়নরত শিক্ষার্থীদের ছাড়পত্রের (ইটিসি) মাধ্যমে এক কলেজ থেকে অন্য কলেজে ভর্তির অনুমতি এবং আন্তঃবোর্ড ছাড়পত্রের (বিটিসি) অনুমতির জন্য আবেদনের সময়সীমা ১১/০২/২০২১খ্রি. তারিখ থেকে ১০/০৩/২০২১খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো। এই সময়ের মধ্যে শিক্ষার্থীর অনলাইন আবেদনের ভিত্তিতে ১ম প্রতিষ্ঠান অনলাইনে স্বাক্ষর (সাইন) করলে ২য় প্রতিষ্ঠান/ভর্তিচ্ছু প্রতিষ্ঠান অনলাইনে সাইন/স্বাক্ষর করবে। অতঃপর সোনালী সেবা ১১০০/- (এক হাজার একশত) টাকার পে-স্লিপ তৈরী হবে (অটো জেনারেটেড)। উক্ত পে-স্লিপ এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ০৫ পাঁচ কার্যদিবসের মধ্যে নির্দ্ধারিত ফিস জমা দিতে হবে, অন্যথায় আবেদনটি বাতিল বলে গন্য হবে।

বিঃ দ্রঃ

- শিক্ষার্থীর আবেদনের ভিত্তিতে প্রতিষ্ঠান টিসি অপসন (www.rajshahieducationboard.gov.bd) এ log in করে user id এবং password ব্যবহার করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর পক্ষে sign করবে; অনুরুপভাবে ভর্তিচ্ছু প্রতিষ্ঠান নির্ধারিত GPA এবং আসন ফাকাঁ থাকা সাপেক্ষে sign করবে।
- ছাড়পত্র প্রদানের অনুমতি পাওয়ার পর বর্তমান কলেজ থেকে ছাড়পত্র গ্রহণ করে ১৫ কার্যদিবসের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ছাড়পত্র প্রদানকালে কলেজে সংরক্ষিত একডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে এবং ভর্তি গ্রহণকারী কলেজকে শিক্ষার্থীর নিকট থেকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট নিয়ে নিজ হেফাজতে সংরক্ষণ করতে হবে।
- ছাড়পত্র প্রদানকারী কলেজ যে মাসে ছাড়পত্র প্রদান করবে সেই মাস পর্যন্ত বেতনাদি গ্রহণ করবে এবং ভর্তি গ্রহণকারী কলেজ পূর্বের কলেজে যে পর্যন্ত বেতন পরিশোধ আছে তার পরবর্তী মাস থেকে বেতনাদি গ্রহণ করবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর মোঃ হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, শিক্ষা বোর্ড, রাজশাহী
২। পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষা বোর্ড, রাজশাহী
৩। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), শিক্ষা বোর্ড, রাজশাহী
৪। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (চঃদাঃ), শিক্ষা বোর্ড, রাজশাহী
৫। প্রধান-মূল্যায়ন অফিসার, শিক্ষা বোর্ড, রাজশাহী
৬। একান্ত সচিব, শিক্ষা বোর্ড, রাজশাহী
৭। সহ-মূল্যায়ন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, শিক্ষা বোর্ড, রাজশাহী
৮। অধ্যক্ষ, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ বিদ্যালয় ও কলেজ

office-adesh-019

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

## ইলেক্ট্রনিক ছাড়পত্র (ই-টিসি) নির্দেশিকা

Electronic Transfer Certificate **(e-TC)** Instruction

| জেএসসি/এসএসসি/এইচএসসি নিবন্ধন |
|---|
| জেএসসি/এসএসসি/এইচএসসি ফর্মপূরণ |
| পরীক্ষা হাজিরা |

| Home | Application Status | Admission Cancel | New Admission | Login | ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল |
|---|---|---|---|---|---|

**আবেদনকারী:**

রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট এ **(www.rajshahieducationboard.gov.bd)**–এ **"ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল"** অপশনে ক্লিক করে আবেদনকারী Exam Name- HSC/SSC, Exam Year সিলেক্ট করে Previous Examination Information এ Exam- SSC/JSC, Board– Rajshahi/Dhaka/Dinajpur/Madrasah ইত্যাদি, Exam Year সিলেক্ট করে Registration No & Roll No পূরণ করে Find-এ ক্লিক করলে, আবেদনকারীর নাম/পিতার নাম/মাতার নাম বিভাগ ও বর্তমান প্রতিষ্ঠানের নাম পাওয়া যাবে। মোবাইল নম্বর, জেন্ডার- Male/Female, Version, Shift, TC Institute District এবং TC Institute পূরন করে, বদলি জনিত কারণ পিতা/মাতার বদলি/বাসস্থান পরিবর্তন/যাতায়াত সমস্যা/আর্থিক অস্বচ্ছলতা টিক চিহ্ন দিয়ে Next Button এ ক্লিক করলে আবেদনকারী দুই প্রতিষ্ঠানের নামসহ তার তথ্য পাবেন। আবেদনকারীকে আবেদনের সাথে অনলাইনে পূরণকৃত তথ্য e-TC Form সংযুক্ত করে প্রতিষ্ঠানে আবেদন করতে হবে।

**১ম প্রতিষ্ঠান/যে প্রতিষ্ঠান ছাড়পত্র দিবে:**

রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট এ **"ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল"** থেকে Login-এ ক্লিক করে User id: EIIN No ও Password (রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত প্রথম Password) ব্যবহার করে Apply From TC (out) থেকে Apply From TC Pending এ ক্লিক করে প্রতিষ্ঠানের TC আবেদনের তালিকা দেখতে পারবেন। Sign এ ক্লিক করলে প্রতিষ্ঠানের email Address-এ একটি OTP (পাসওয়ার্ড) যাবে। OTP সংগ্রহ করে Submit করলে প্রাথমিক ভাবে TC এর অনুমতি পাবে এবং Apply From TC Pending তালিকা থেকে আবেদনটি Sign TC তালিকায় চলে যাবে অর্থাৎ Sign TC তালিকায় আবেদন পাওয়া যাবে। একই সাথে নতুন প্রতিষ্ঠান এর TC Pending তালিকায় আবেদনটি পাওয়া যাবে।

**২য় প্রতিষ্ঠান/যে প্রতিষ্ঠান ছাড়পত্র গ্রহণ করবে:**

রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট এ **"ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল"** ক্লিক করে প্রতিষ্ঠান Login করে নিজেস্ব User id: (EIIN No) ও Password (রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত প্রথম Password) ব্যবহারের মাধ্যমে Add By TC (in) থেকে TC Pending এ ক্লিক করলে পূর্বের প্রতিষ্ঠান থেকে TC অনুমতি প্রাপ্ত ছাত্র/ছাত্রীর তালিকা দেখাবে এবং আসন ফাঁকা সাপেক্ষে অনুমতি দিতে চাইলে তার নামের পার্শ্বে Sign-এ ক্লিক করলে প্রতিষ্ঠানের email Address-এ একটি OTP (পাসওয়ার্ড) যাবে। OTP সংগ্রহ করে Submit করলে এই ছাত্র/ছাত্রী TC এর জন্য অনুমতি পাবে এবং TC Pending তালিকা থেকে আবেদনটি Sign TC তালিকায় চলে যাবে অর্থাৎ Sign TC তালিকায় আবেদন পাওয়া যাবে। উভয় প্রতিষ্ঠানের Sign করার পর শিক্ষা বোর্ড অনুমতি প্রদান করলে সোনালী সেবা স্লিপ তৈরী হবে। Application Status-এ ক্লিক করে আবেদনকারী তথ্য পূরণ করলে সোনালী সেবা স্লিপ পাওয়া যাবে, আবেদনকারীকে উক্ত সোনালী সেবা স্লিপের টাকা ব্যাংকে জমা দিলে, আবেদনটি উভয় প্রতিষ্ঠানের Confirm TC তালিকায় পাওয়া যাবে অর্থাৎ আবেদনকারীর TC/ছাড়পত্র কার্যক্রম সম্পন্ন হয়েছে, তবে সোনালী সেবা স্লিপের টাকা ৫ দিনের মধ্যে জমা না দিলে আবেদনটি বাতিল হয়ে যাবে (পুনরায় TC নিতে চাইলে নতুন করে আবেদন/সংশোধন করতে হবে)। ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠান যে মাসে ছাড়পত্র প্রদান করবে সেই মাস পর্যন্ত বেতনাদি গ্রহণ করবে এবং ভর্তি গ্রহণকারী প্রতিষ্ঠান পূর্বের প্রতিষ্ঠানে যে পর্যন্ত বেতন পরিশোধ আছে তার পরবর্তী মাস থেকে বেতনাদি গ্রহণ করবে।

স্বা:/-
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্বা:/-
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর .......................................... তারিখ ................................

প্রেরক ঃ কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ অধ্যক্ষ
প্রেমতলী ডিগ্রি কলেজ
ডাক-প্রেমতলী, উপজেলা-গোদাগাড়ী, জেলা-রাজশাহী

বিষয় : জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংবিধি ১৯৯৩ মোতাবেক গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন প্রসঙ্গে

সূত্র : অধ্যক্ষের আবেদনের তারিখ: ২০/০১/২০২১ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে, জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভূক্ত ডিগ্রী কলেজ সমূহের কমিটি গঠন সংক্রান্ত সংবিধি ১৯৯৩ এর ৪(২) (।।।) (গ) ধারা মোতাবেক আপনার কলেজের গঠিত গভর্ণিং বডিতে অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের পক্ষ হতে বিদ্যোৎসাহী সদস্য হিসেবে মোঃ রফিকুল ইসলাম, পিতা-মৃত ফজলুর রহমান কে মনোনয়ন প্রদান করা হ'ল।

প্রফেসর মোঃ হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ০৭/কপরি/মনোঃ/১২/২২৭ তারিখ ০৮/২/২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

১. মোঃ রফিকুল ইসলাম, বিদ্যোৎসাহী সদস্য
প্রেমতলী ডিগ্রি কলেজ
ডাক-প্রেমতলী, উপজেলা-গোদাগাড়ী, জেলা-রাজশাহী

০৮/০২/২২
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

০৮/২/২০২২

০৮/০২/২২

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ..........................................                                    তারিখ ..........................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
চৌডালা জোহুর আহম্মেদ মিঞা কলেজ
ডাক-চৌডালা, উপজেলা-গোমস্তাপুর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ

বিষয় : ২য় বার এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : আপনার আবেদনের তারিখ-০৫/০১/২০২১ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কলেজ সুষ্ঠুভাবে পরিচালনা ও বিধি মোতাবেক গভর্ণিং বডি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হ'ল।

উল্লেখ্য, এডহক কমিটি গঠনের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের $\frac{\text{১৬/০৬/২০০৯ ইং}}{\text{০২/০৩/১৪১৬বাং}}$ তারিখের প্রজ্ঞাপনের ৩৯ নং ধারাটি অবশ্যই অনুসরণ করতে হবে।

প্রফেসর মোঃ হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর [illegible]                    তারিখ [illegible]

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
২। উপজেলা নির্বাহী অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ
৩। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

e:cs\rd\ch\ac_02

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর .......................................... তারিখ ..................................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
গোহাইল ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক-গোহাইল, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া

বিষয় : সৃষ্ট শুন্য পদে অভিভাবক সদস্য ও শিক্ষক প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র : অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার গত ০৭/১১/২০২০ খ্রি: তারিখের মতামত এবং চেয়ারম্যান মহোদয়ের ১০/০২/২০২১ খ্রি: তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, অত্র দপ্তরের স্মারক নম্বর-০৩/কল/বগ/৫৮৬/৪৫৬, তারিখ-২০/০৯/২০২০ খ্রি: মোতাবেক গঠিত আপনার কলেজের চলমান এডহক কমিটির অভিভাবক সদস্য ও শিক্ষক প্রতিনিধি গত ২৮/১০/২০২০ খ্রী: তারিখে স্বেচ্ছায় পদত্যাগ করেছেন। বর্ণিত অবস্থায়, অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত অভিভাবক সদস্য নির্বাচনী তালিকার ২য় ব্যক্তি মো: মামুনুর রশিদ এবং শিক্ষক প্রতিনিধি নির্বাচনী তালিকার ২য় ব্যক্তি মো: শামসুল আলম-কে কমিটির অবশিষ্ট মেয়াদকালের জন্য কো-অপ্ট করা হলো। উল্লেখ্য, কো-অপ্ট কৃত সদস্যদের নিয়ে গঠিত এডহক কমিটির সভাপতি হিসেবে মো: আলী ইমাম এবং সদস্য সচিব হিসেবে মো: মোতাহার হোসেন কে স্ব-স্ব পদে বহাল রেখে এই পত্র ইস্যু করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর মো: হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর [illegible] তারিখ ১০/২/২০২১

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
২। উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া
৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া
৪। মো: আলী ইমাম, সভাপতি, এডহক কমিটি
গোহাইল ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক-গোহাইল, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া
৫। মো: মামুনুর রশিদ, অভিভাবক সদস্য (কো-অপ্ট কৃত)
এডহক কমিটি, গোহাইল ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক-গোহাইল, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া
৬। মো: শামসুল আলম, শিক্ষক প্রতিনিধি (কো-অপ্ট কৃত)
এডহক কমিটি, গোহাইল ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক-গোহাইল, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

SOVAPOTY POREBORTON